

Conversation between Special Representatives of India and China on recent developments on the India-China border areas

July 06, 2020

ভারত-চীন সীমান্ত উদ্ভূত অধুনা পরিস্থিতির উপরে ভারত এবং চীনের বিশেষ প্রতিনিধিদের মধ্য কথোপকথন।

জুলাই 06, 2020

1. সীমান্ত প্রসঙ্গে ভারত এবং চীনের বিশেষ প্রতিনিধি- ভারতের জাতীয় নিরাপত্তা পরামর্শদাতা শ্রী অজিত ডোভাল এবং চীনের স্টেট কাউন্সিলর ও বিদেশ মন্ত্রকের মন্ত্রী মাননীয় ওয়াং ঙ 5 ই জুলাই 2020 তারিখে টেলিফোনে কথোপকথন করেছেন। ভারত-চীন সীমান্তের পশ্চিম অঞ্চলে উদ্ভূত অধুনা পরিস্থিতির উপরে এই দুই বিশেষ প্রতিনিধি স্পষ্টতা এবং গভীরতার সাথে নিজেদের দৃষ্টিভঙ্গির আদানপ্রদান করেছেন।
2. এই দুই বিশেষ প্রতিনিধি সহমত হয়েছেন যে, আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কে আরো উন্নত করার লক্ষ্যে ভারত-চীন সীমান্তে শান্তি ও সুস্থিরতা বজায় রাখা আবশ্যিক এবং তার জন্য উভয় পক্ষের নেতৃস্থানীয় ব্যক্তিদের প্রদর্শিত পন্থাকে গ্রহণ করা উচিত। তাঁরা আরো সহমত হয়েছেন যে, মতভেদকে বিবাদে পরিণত হতে দেওয়া দুপক্ষের ক্ষেত্রেই উচিত হবেনা। সেইহেতু, তাঁরা সহমত হয়েছেন যে, শান্তি ও সুস্থিরতা পুনরুদ্ধার করার জন্য যতশীঘ্র সম্ভব এলএসি থেকে সেনা গতিবিধি এবং ভারত-চীন সীমান্ত অঞ্চল থেকে সৈন্য সমাবেশ কমিয়ে আনাকে সুনিশ্চিত করা প্রয়োজন। এই পরিপ্রেক্ষিতে তাঁরা আরো সহমত হয়েছেন যে, উভয়পক্ষেরই উচিত এলএসি থেকে সেনা গতিবিধি কমিয়ে আনার প্রক্রিয়াটি দ্রুততার সাথে সম্পূর্ণ করা। ধাপে ধাপে ভারত-চীন সীমান্ত অঞ্চল থেকে সৈন্য সমাবেশকে কমিয়ে আনাকে দুপক্ষেরই সুনিশ্চিত করা উচিত। তারা আরো সুনিশ্চিত করেছেন যে, দুপক্ষেরই এলএসি কে কঠোরভাবে মান্যতা দেওয়া এবং পালন করা উচিত এবং স্থিতাবস্থাকে বিঘ্নিত করার জন্য এককভাবে কোন

পদক্ষেপ নেওয়া উচিত হবেনা ও ভবিষ্যতে যাতে এমন কোনো ঘটনা না ঘটে যা কিনা সীমান্ত অঞ্চলে শান্তি ও সুস্থিরতাকে বিঘ্ন করতে পারে। সেই ধরনের পরিস্থিতিকে এড়াবার জন্য একসাথে কাজ করা উচিত হবে।

3. দুই বিশেষ প্রতিনিধি সহমত হয়েছেন যে, উভয়পক্ষের কূটনৈতিক এবং সামরিক আধিকারিকদের ভারত-চিন সীমা স্ত সংক্রান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয় সাধনের জন্য কার্যপ্রণালী (ডবলিউ এম সি সি) - র পরিকাঠামোর মধ্যে তাদের আলোচনা চালিয়ে নিয়ে যাওয়া উচিত, এবং নির্দিষ্ট সময়ের মধ্যে উপরোক্ত পরিণাম অর্জনের লক্ষ্যে সহমতকে বাস্তবায়িত করা। তাঁরা আরো সহমত হয়েছেন যে, দ্বিপাক্ষিক চুক্তি এবং প্রটোকল অনুযায়ী ভারত-চিন সীমান্তে শান্তি ও সুস্থিরতা পূরণকদ্ধার করাকে সম্পূর্ণরূপে সুনিশ্চিত করার জন্য দুই বিশেষ প্রতিনিধি তাদের কথোপকথন চালিয়ে যাবেন।

নিউ দিল্লি

জুলাই 06,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.